

শ্রীশ্রীহরি সঙ্গীত

৫৯

- ৫। পাগলের শিরোমণি, হরিচাঁদ গুণমণি,
শান্তিপুর দিন রজনী, উদয় অক্ষয় রবি।
গোঁসাই গোলোকচন্দ্র মহানন্দ সেই পাগলে ভাবি,
অশ্বিনী তোর চিত্তসন্দ, এক কালে সব ঘুচাইবি ॥

৮০ নং তাল-আদা

প্রেম নগরে বাঁধগে বাসা।

- প্রেমিকের সঙ্গ নিলে ছুটবে না তোর প্রেমের নেশা ॥
১। প্রেমিক রাজার রাজ্যে যাবি, প্রেম প্রতিমা দেখতে পাবি,
প্রেমানন্দে সুখে রবি, ঘুচবে না তোর প্রেম পিপাসা ॥
২। প্রেমের পোস্তায় প্রেমের পুরী, প্রেমের শয্যায় শয়ন করি,
প্রেমিক গুরুর সঙ্গ করি, করগে মন প্রেম তামাসা ॥
৩। মিলাইয়া প্রেমের মেলা, দোলাইয়া প্রেমের দোলা,
খেলবি মন প্রেমের খেলা, পাতিয়া সেই প্রেমের দশা ॥
৪। দাঁড়িয়ে সেই প্রেমের তীরে, স্নান কর মন প্রেম সাগরে,
ডুব দিলে সেই প্রেমের নীরে, ঘটবে তোর প্রেমের দশা ॥
৫। প্রেম রাজ্যের রাজা যিনি, হরিচাঁদ প্রেম শিরোমণি,
প্রেম দোকান প্রেমের খনি, প্রেমিক মতুয়ার এই ব্যবসা ॥
৬। প্রেমিক মহানন্দ বলে, হরিপ্রেম কি কথায় মিলে,
প্রেমিক তারক ডেকে বলে, অশ্বিনী প্রেম ভক্তি নাশা ॥

৮১ নং তাল-আদা

মন কাঁদে মন মানুষ বলে।

বিষম বিরহানলে মনের আগুন দ্বিগুন জ্বলে ॥

- ১। মন মানে না ধর্মের শাসন, পুণ্য মুক্তি তুচ্ছ দু'জন।
দেখতে চায় মন মানুষ রতন, বয়ন ভাসে নয়ন জলে ॥